# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক সংখ্যা-পনি/মাধ্য-১৪/৯১ তারিখ : ১৩-০৬-২০২২ খ্রিঃ

## এসএসসি পরীক্ষা সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা সকলের অবগতির জন্য কর্তৃপক্ষের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, এসএসসি পরীক্ষা ২০২২ এর ২৫-০৬-২০২২ তারিখ শনিবার অনুষ্ঠিতব্য ইংরেজি (আবশ্যিক) ২য় পত্র - ১০৮ বিষয়ের **পরীক্ষাটি ২৪-০৬-২০২২ তারিখ শুক্রবার (সকাল ১০:০০ টা থেকে ১২:০০ টা পর্যন্ত) অনুষ্ঠিত হবে** ।

এ বিষয়টি সংশ্লিষ্ট সকলকে অবহিত করার জন্য কেন্দ্র সচিবগণকে অনুরোধ করা হলো ।

(প্রফেসর মাধব চন্দ্র রুদ্র)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন : ০২৪৭৭৭৬২৭১৪

অধ্যক্ষ/প্রধান শিক্ষক
মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠান
ও
কেন্দ্র সচিব
এসএসসি পরীক্ষা-২০২২
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর

সংশোধিত

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

## ২০২২ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষার সময়সূচি

স্মারক নং-পনি/মাধ্য/১৪/৯২ তারিখ : ১৩-০৬-২০২২ খ্রি.

এতদ্দ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে, ২০২২ সনের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) পরীক্ষা নিম্নোক্ত সময়সূচি অনুযায়ী অনুষ্ঠিত হবে। বিশেষ প্রয়োজনে বোর্ড কর্তৃপক্ষ এ সময়সূচি পরিবর্তন করতে পারবেন।

| বিষয় ও সময়<br>সকাল ১০টা থেকে ১২:০০ টা পর্যন্ত | বিষয় কোড | তারিখ ও দিন | বিষয় ও সময়<br>বিকাল ২টা থেকে ৪:০০ টা পর্যন্ত | বিষয় কোড |
|---|---|---|---|---|
| ১। বাংলা (আবশ্যিক) ১ম পত্র<br>২। সহজ বালা ১ম পত্র | ১০১<br>১০৩ | ১৯-০৬-২০২২<br>রবিবার | × | × |
| ১। বাংলা (আবশ্যিক) ২য় পত্র<br>২। সহজ বাংলা ২য় পত্র | ১০২<br>১০৪ | ২০-০৬-২০২২<br>সোমবার | × | × |
| ১। ইংরেজি (আবশ্যিক) ১ম পত্র | ১০৭ | ২২-০৬-২০২২<br>বুধবার | × | × |
| ১। ইংরেজি (আবশ্যিক) ২য় পত্র | ১০৮ | ২৪-০৬-২০২২<br>শুক্রবার | × | × |
| ১। গণিত (আবশ্যিক) | ১০৯ | ২৭-০৬-২০২২<br>সোমবার | × | × |
| ১। গার্হস্থ্য বিজ্ঞান (তত্ত্বীয়)<br>২। কৃষি শিক্ষা (তত্ত্বীয়)<br>৩। সঙ্গীত (তত্ত্বীয়)<br>৪। আরবি<br>৫। সংস্কৃত<br>৬। পালি<br>৭। শারীরিক শিক্ষা ও ক্রীড়া (তত্ত্বীয়)<br>৮। চারু ও কারুকলা (তত্ত্বীয়) | ১৫১<br>১৩৪<br>১৪৯<br>১২১<br>১২৩<br>১২৪<br>১৩৩<br>১৪৮ | ২৮-০৬-২০২২<br>মঙ্গলবার | × | × |
| ১। পদার্থ বিজ্ঞান (তত্ত্বীয়)<br>২। বাংলাদেশের ইতিহাস ও বিশ্বসভ্যতা<br>৩। ফিন্যান্স ও ব্যাংকিং | ১৩৬<br>১৫৩<br>১৫২ | ৩০-০৬-২০২২<br>বৃহস্পতিবার | × | × |
| ১। রসায়ন (তত্ত্বীয়)<br>২। পৌরনীতি ও নাগরিকতা<br>৩। ব্যবসায় উদ্যোগ | ১৩৭<br>১৪০<br>১৪৩ | ০২-০৭-২০২২<br>শনিবার | × | × |
| ১। ভূগোল ও পরিবেশ | ১১০ | ০৩-০৭-২০২২<br>রবিবার | | |
| ১। উচ্চতর গণিত (তত্ত্বীয়) | ১২৬ | ০৪-০৭-২০২২<br>সোমবার | × | × |
| ১। হিসাব বিজ্ঞান | ১৪৬ | ০৫-০৭-২০২২<br>মঙ্গলবার | × | × |
| ১। জীব বিজ্ঞান (তত্ত্বীয়)<br>২। অর্থনীতি | ১৩৮<br>১৪১ | ০৬-০৭-২০২২<br>বুধবার | × | × |

## ব্যবহারিক পরীক্ষার সময়সূচি

| বিষয়, বিষয় কোড | তারিখ ও দিন | সময় | স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|
| সঙ্গীত (১৪৯) সহ সকল বিষয়ের ব্যবহারিক পরীক্ষা | ১৩-০৭-২০২২ তারিখ বুধবার হতে ১৯-০৭-২০২২ তারিখ মঙ্গলবার পর্যন্ত। (উল্লিখিত তারিখের মধ্যে অবশ্যই পরীক্ষা সম্পন্ন করতে হবে) এবং ২০-০৭-২০২২ তারিখের (বুধবার) মধ্যে হাতে হাতে প্রিন্ট কপি এবং ব্যবহারিক উত্তরপত্র, স্বাক্ষরলিপি ও অন্যান্য আনুষঙ্গিক কাগজপত্রাদি রোল নম্বরের ক্রমানুসারে সাজিয়ে মাধ্যমিক পরীক্ষা শাখায় জমা দিতে হবে। | প্রতিদিন সকাল ১০ টা হতে পরীক্ষা শুরু হবে | স্ব স্ব পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠিত হবে। (যে কেন্দ্র/ভেন্যুতে তত্ত্বীয় পরীক্ষা দিয়েছে) | সঙ্গীত বিষয়ের সঙ্গীত অংশের ব্যবহারিক পরীক্ষায় পরীক্ষার্থীকে প্রবেশপত্র, নিবন্ধনপত্র, বাদ্যযন্ত্র, তবলাবাদক ও সনাক্তকারী শিক্ষকসহ নিজ খরচে নির্ধারিত তারিখে সকাল ৯:৩০ মিনিটের মধ্যে কেন্দ্রে উপস্থিত হবে হবে।<br>ব্যবহারিক পরীক্ষার জন্য শুধু ব্যবহারিক উত্তরপত্র ব্যবহার করতে হবে। কোনক্রমেই তত্ত্বীয় পরীক্ষার মূল উত্তরপত্র ব্যবহার করা যাবে না। |

অপর পতায়-

**বিশেষ নির্দেশাবলী**

১। পরীক্ষা শুরুর ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে অবশ্যই পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কক্ষে আসন গ্রহণ করতে হবে।
২। প্রশ্নপত্রে উল্লেখিত সময় অনুযায়ী পরীক্ষা গ্রহণ করতে হবে।
৩। প্রথমে বহুনির্বাচনি ও পরে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়) পরীক্ষা অনুষ্ঠিত হবে এবং উভয় পরীক্ষার মধ্যে কোনো বিরতি থাকবে না। বহুনির্বাচনী (MCQ) পরীক্ষার ক্ষেত্রে সয় ২০ মিনিট এবং সৃজনশীল (CQ) /রচনামূলক পরীক্ষার ক্ষেত্রে সময় ১ ঘন্টা ৪০ মিনিট।
৪। পরীক্ষার্থীগণ তাদের প্রবেশপত্র নিজ নিজ প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে পরীক্ষা আরম্ভের কমপক্ষে তিনদিন পূর্বে সংগ্রহ করবে।
৫। সকল শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের ক্ষেত্রে শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা এবং ক্যারিয়ার শিক্ষা বিষয়সমূহ এনসিটিবি এর নির্দেশনা অনুসারে ধারাবাহিক মূল্যায়নের মাধ্যমে প্রাপ্ত নম্বর শিক্ষা প্রতিষ্ঠানসমূহ সংশ্লিষ্ট কেন্দ্রকে সরবরাহ করবে। সংশ্লিষ্ট কেন্দ্র ব্যবহারিক নম্বরের সাথে ধারাবাহিক মূল্যায়নের প্রাপ্ত নম্বর বোর্ডের ওয়েবসাইটে অনলাইনে প্রেরণ করবে।
৬। পরীক্ষার্থীগণ তাদের নিজ নিজ উত্তরপত্রের OMR ফরমে তার পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড ইত্যাদি যথাযথভাবে লিখে বৃত্ত ভরাট করবে। কোন অবস্থাতেই উত্তরপত্র ভাঁজ করা যাবে না।
৭। পরীক্ষার্থীকে সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনি ও ব্যবহারিক অংশে পৃথকভাবে পাস করতে হবে।
৮। প্রত্যেক পরীক্ষার্থী কেবল নিবন্ধনপত্রে বর্ণিত বিষয়/বিষয়সমূহের পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। কোন অবস্থাতেই ভিন্ন বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।
৯। কোন পরীক্ষার্থীর পরীক্ষা **সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনি ও ব্যবহারিক** নিজ বিদ্যালয়ে/প্রতিষ্ঠানে অনুষ্ঠিত হবে না। পরীক্ষার্থী স্থানান্তরের মাধ্যমে আসন বিন্যাস করতে হবে।
১০। পরীক্ষার্থীগণ পরীক্ষায় নন-প্রোগ্রামাবল সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে। **প্রোগ্রামিং ক্যালকুলেটর ব্যবহার করা যাবে না।**
১১। কেন্দ্র সচিব ছাড়া অন্য কোন ব্যক্তি/পরীক্ষার্থী পরীক্ষা কেন্দ্রে মোবাইল ফোন আনতে এবং ব্যবহার করতে পারবেন না।
১২। সৃজনশীল/রচনামূলক (তত্ত্বীয়), বহুনির্বাচনি ও ব্যবহারিক পরীক্ষায় পরীক্ষার্থীর উপস্থিতির জন্য একই উপস্থিতি পত্র ব্যবহার করতে হবে।
১৩। ব্যবহারিক পরীক্ষা স্ব স্ব কেন্দ্র ভেন্যুতে অনুষ্ঠিত হবে।
১৪। পরীক্ষার ফল প্রকাশের ০৭ (সাত) দিনের মধ্যে পুনঃ নিরীক্ষার জন্য অনলাইনে SMS এর মাধ্যমে আবেদন করা যাবে।

(প্রফেসর মাধব চন্দ্র রুদ্র)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
ফোন : ০২৪৭৭৭৬২৭১৪
মোবা : ০১৭৩৩-২২২০০৩
ই-মেইলঃ controller@jessoreboard.gov.bd

স্মারক নং-পনি/মাধ্য/১৪/৯২ তারিখ : ১৩-০৬-২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হ'ল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
০১। মাননীয় সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০২। বিভাগীয় কমিশনার, খুলনা
০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
০৪। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/রাজশাহী/কুমিল্লা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/দিনাজপুর
০৫। জেলা প্রশাসক, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/যশোর/মাগুরা/ঝিনাইদহ/নড়াইল/কুষ্টিয়া/মেহেরপুর/ চুয়াডাঙ্গা
০৬। পুলিশ সুপার, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/যশোর/মাগুরা/ঝিনাইদহ/নড়াইল/কুষ্টিয়া/মেহেরপুর/ চুয়াডাঙ্গা
০৭। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
০৮। জেলা শিক্ষা অফিসার, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/যশোর/মাগুরা/ঝিনাইদহ/নড়াইল/কুষ্টিয়া/মেহেরপুর/চুয়াডাঙ্গা
০৯। উপজেলা নির্বাহী অফিসার, এ বোর্ডের অধীন সকল উপজেলা
১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, এ বোর্ডের অধীন সকল উপজেলা
১১। কেন্দ্র সচিব, অত্র বোর্ডের অনুমোদিত সকল মাধ্যমিক পরীক্ষা কেন্দ্র
১২। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, এ বোর্ডের অধীন সকল মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়
১৩। এ বোর্ডের সকল অফিসার/সেকশন অফিসারবৃন্দ

(মোঃ ফজলুর রহমান)
উপ-পরীক্ষা নিয়ন্ত্রক (মাধ্যমিক)
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর